তারিখ 12 OCT 2017 পৃষ্ঠা ১ কলাম ৫

সংবাদ

### প্রাথমিক বিদ্যালয়ের জন্য আনা

# ল্যাপটপ দুর্নীতি

## তদন্তের সুপারিশ সংসদীয় কমিটির

নিজস্ব বার্তা পরিবেশক

প্রাথমিক বিদ্যালয়ের জন্য আমদানিকৃত ৫০ হাজার ল্যাপটপ মানসম্পন্ন কিনা, দরপত্রের শর্ত অনুযায়ী সরবরাহ করা হয়েছে কিনা, ল্যাপটপ সংগ্রহে কোন দুর্নীতি করা হয়েছে কিনা তা তদন্তপূর্বক দুই মাসের মধ্যে প্রতিবেদন উপস্থাপনের সুপারিশ করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। গতকাল জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত কমিটির ৩৯তম বৈঠকে এসব সুপারিশ করা হয়।



কমিটির সভাপতি মো. মোতাহার হোসেনের সভাপতিত্বে কমিটির সদস্য প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান, আ.খ.ম জাহাঙ্গীর হোসাইন, সামশুল হক চৌধুরী, মো. নজরুল ইসলাম বাবু, মো. আবুল কালাম, আলী আজম এবং বেগম উম্মে রাজিয়া কাজল বৈঠকে অংশগ্রহণ করেন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিবসহ মন্ত্রণালয় এবং সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সরবরাহকৃত মাল্টিমিডিয়া প্রজেক্টর ও ল্যাপটপ চালনা বিষয়ে সংশ্লিষ্ট বিদ্যালয়সমূহের শিক্ষক-শিক্ষিকাদের পর্যায়ক্রমে দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ প্রদানেরও সুপারিশ করা হয় বৈঠকে। কমিটি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের জন্য স্বতন্ত্র পিএসসি গঠন করা, প্রাথমিক বিদ্যালয়ের তথ্যভাণ্ডারের (ডাটাবেজ) আওতায় বাংলাদেশের সব প্রাথমিক বিদ্যালয় যুক্ত করার কার্যক্রম দ্রুত সম্পন্ন করা, স্কুল ফিডিং নীতিমালা প্রণয়নের কাজ দ্রুত সম্পন্ন করা, সব প্রাথমিক বিদ্যালয়ে উন্নতমানের প্লাস্টিকের ফার্নিচার সরবরাহ করা, আগামী বছর জানুয়ারি মাসের মধ্যে ৪০ জন শিক্ষার্থীর জন্য (অনুপাতে) একজন শিক্ষকের ব্যবস্থা করতে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষকের পদ সৃজন করা, প্রাথমিক বিদ্যালয়ের ২০১৮ সালের এনসিটিবির বই ছাপানোর কার্যক্রম দ্রুত সম্পন্ন করা এবং গণসাক্ষরতার হার শতভাগ নিশ্চিতের লক্ষ্যে পাইলট প্রকল্প গ্রহণপূর্বক তা বাস্তবায়ন করার সুপারিশ করে।

মায়ানমারের ওপর আন্তর্জাতিক চাপ বাড়াতে প্রচারণা

রোহিঙ্গা সমস্যাকে দেশের অন্যতম গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ হিসেবে আখ্যায়িত করে রোহিঙ্গাদের নিজ দেশে ফেরত পাঠাতে কূটনৈতিক প্রচেষ্টা অব্যহত রাখার সুপারিশ করেছে পররাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসীয় স্থায়ী কমিটি। পাশপাশি ল্যাপটপ : পৃষ্ঠা : ১৫ ক : ৪

### ল্যাপটপ : দুর্নীতি

(১ম পৃষ্ঠার পর)

বিশ্বব্যাপী প্রচারণার মাধ্যমে মায়ানমারের ওপর আন্তর্জাতিক চাপ বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেছে কমিটি। গতকাল বুধবার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত কমিটির ১৬তম বৈঠকে এসব সুপারিশ করা হয়।

কমিটির সভাপতি ডা. দীপু মনির সভাপতিত্বে কমিটির সদস্য ও পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী, পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম, মুহাম্মদ ফারুক খান, গোলাম ফারুক খন্দ. প্রিন্স এবং বেগম মাহজাবিন খালেদ বৈঠকে অংশগ্রহণ করেন। বৈঠকে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব মো. শহিদুল হক-সহ মন্ত্রণালয় এবং সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বৈঠকে বাংলাদেশের জনগণের মধ্যে রোহিঙ্গা সম্পর্কে স্বচ্ছ ধারণা প্রদানের জন্য পাঠ্যপুস্তকে একটি অধ্যায় সংযোজন করতে মন্ত্রণালয়কে ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়। আইপিইউ এবং সিপিএসহ বিভিন্ন আন্তর্জাতিক সংগঠনের অনুষ্ঠানে যারা বাংলাদেশের প্রতিনিধি দলে যোগদান করবেন তারা যাতে রোহিঙ্গা ইস্যুটি আন্তর্জাতিক পরিমণ্ডলে উত্থাপন করতে পারেন সে লক্ষ্যে তাদের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে রোহিঙ্গা বিষয়ে একটি সারসংক্ষেপ সরবরাহ করার সুপারিশ করা হয়। মায়ানমার ও ভারতসহ সকল প্রতিবেশী দেশসমূহের সঙ্গে প্রতিবেশীসুলভ বন্ধুত্বপূর্ণ দ্বিপক্ষীয় সম্পর্ক বজায় রাখার ওপরও গুরুত্বারোপ করা হয় বৈঠকে।

বৈঠকে রোহিঙ্গাদের বিষয়ে জাতিসংঘ মহাসচিবের ইতিবাচক দৃষ্টিভঙ্গি, এ বিষয়ে জাতিসংঘে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক প্রস্তাব উত্থাপন এবং নিরাপত্তা পরিষদে এই ইস্যুতে ১৫টি দেশের মধ্যে ১২ দেশের অকুণ্ঠ সমর্থন এবং জাতিসংঘে বাংলাদেশ প্রতিনিধি দলকে বিশ্ব সম্প্রদায়ের বিশেষ সম্মান প্রদর্শন বাংলাদেশের কূটনৈতিক সফলতা হিসেবে আখ্যায়িত করা হয়।

সিস্টেম ম্যানেজার
স্বাক্ষর